SAOCL **মহাব্যবস্থাপক, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড**

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমনিকা (Preamble) | ৩ |
| ২. | স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩. | সেকশন-১ : এসএওসিএল'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি | ৬ |
| ৪. | সেকশন-২ : এসএওসিএল'র বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| ৫. | সেকশন-৩ : এসএওসিএল'র উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ | ৮ |
| ৬. | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১০ |
| ৭. | সংযোজনী-১ : শব্দসংক্ষেপ | ১৩ |
| ৮. | সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৪ |
| ৯ | সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৫ |

# উপক্রমনিকা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাব্যবস্থাপক, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয় সমূহে সম্মত হলেন:

**ষ্টান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড কর্মসম্পাদনের সার্বিক চিত্র**
**(Overview of the Performance of SAOCL)**
**সাম্প্রাতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা**

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

এসএওসিএল বিগত তিন বছরে মোট ১৮৯০০ মেঃ টন লুব্রিকেটিং বেইজ অয়েল ও ৭০৪.০৫ মেঃ টন প্যাক্ট বিটুমিন আমদানি করেছে। এ প্রতিষ্ঠান ১৬৬০০ মেঃ টন লুব অয়েল উৎপাদন (ব্লেন্ডিং) করেছে। উৎপাদন (ব্লেন্ডিং) এর পাশাপাশি ৬৯১৫ মেঃ টন লুবজোন ব্র্যান্ডের লুব্রিকেটিং অয়েল বাজারজাত করেছে। এছাড়া ০.১১১ লক্ষ মেঃ টন এল পি গ্যাস, ০.৬১২ লক্ষ মেঃ টন বিটুমিন, ২.৮৮৭ লক্ষ মেঃ টন ডিজেল, ১.৩৪৩ লক্ষ মেঃ টন ফার্নেস অয়েল এবং ০.০৮৫ লক্ষ মেঃ টন এভিয়েশন ফুয়েল (JET-A1) বাজারজাত করেছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জ সমুহ:

চাহিদা মোতাবেক মান সম্পন্ন লুব্রিকেন্টস ভোক্তা পর্যায়ে সরবরাহ নিশ্চিত করাই বড় চ্যালেঞ্জ। একই সাথে পাওয়ার প্ল্যান্ট, সরকারি জ্বালানী সেক্টর ও ইন্ডাষ্ট্রি পর্যায়ে অবাধ ও নিরবিচ্ছিন্ন ভাবে জ্বালানী পণ্য সরবরাহের জন্য অক্লান্ত প্রচেষ্টা অব্যহত থাকবে।

## ভবিষ্যত কর্ম পরিকল্পনাঃ

### ট্যাংক পুনঃসংস্কার:

১৯৬৫ সালের নির্মিত পুরাতন ০২ টি ট্যাংক ভেঙ্গে ফেলে তদস্থলে ০২ টি পুনঃনির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর ফলে ট্যাংকে লুব বেইজ অয়েল ধারণ ক্ষমতা প্রায় ৬০০ মেঃ টন বৃদ্ধি পাবে।

### মাটির নিচে ফায়ার ওয়াটার রিজার্ভার নির্মাণ:

কোম্পানীর নতুন নতুন স্থাপনা নির্মাণ, নতুন ট্যাংক নির্মাণ কাজ আরম্ভ হওয়ায় Fire system protection rules অনুযায়ী Fire water capacity বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দিয়াছে। তাই ৩,০০,০০০ লিটার ক্যাপাসিটির Under Ground Reserve বসানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

### গ্রীজ প্ল্যান্ট স্থাপন:

বাজারে ক্রমবর্ধমান গ্রীজের চাহিদা মেটাতে আন্তর্জাতিক মান সম্পন্ন একটি আধুনিক মাল্টি গ্রীজ প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা রয়েছে যার বাৎসরিক উৎপাদন ক্ষমতা হবে আনুমানিক ১০০০ মেঃ টন। চলমান মহামারী কোভিড-১৯ রোগের প্রকোপ কমে আসলে কমিশনিং কার্যক্রম সমাপ্ত করে উৎপাদন পর্যায় যেতে পারবে বলে আশাবাদী।

**জেটি পাইপ লাইনের পুনঃ সংস্কার ও প্রতিস্থাপন:**

দীর্ঘদিনের পুরাতন জেটি এলাকার সম্পূর্ণ পাইপ লাইন (ডিজেল, লুব, ফার্নেস অয়েল) লোনা আবহাওয়া থাকায় এবং মরিচা ধরায় ম্যাটেরিয়াল ক্ষয় জনিত কারণে প্রতিস্থাপন করা জরুরি হয়ে পড়ায় আনুমানিক ৭০০ মিটার নতুন এম এস পাইপ প্রতিস্থাপন করা হবে। বর্তমানে স্থাপিত পাইপ লাইনের মাধ্যমে জেটি থেকে তৈল খালাস করে ট্যাংকে মজুদ রাখা হচ্ছে

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

**তিন তলা অফিস বিল্ডিং নির্মাণ:**

মোংলা অয়েল ইনস্টলেশন, মোংলা, বাগেরহাট কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারিদের দাপ্তরিক কার্যাবলি সম্পাদনের জন্য ৬৫০০ বর্গফুট আয়তনের তিন তলা অফিস বিল্ডিং নির্মাণ করা হবে।

**ভূমি উন্নয়ন অবকাঠামো নির্মাণ:**

বাংলাদেশের দক্ষিণাঞ্চলে জ্বালানি তৈল সরবরাহের লক্ষ্যে মোংলা অয়েল ইনস্টলেশনে অভ্যন্তরে নিচু জমি মাটি ভরাট করে আর সি সি ঢালাই করা হবে যাতে ভাইজারসমূহ সহজে মুভমেন্ট করতে পারে। অভ্যন্তরিন রাস্তা ঘাট, ফুটপাত সৌন্দর্য বর্ধনের জন্য সুসজ্জিত ফুলের বাগান তৈরি করা হবে। এছাড়া সিকিউরিটি পোষ্ট, সিকিউরিটি লাইটিং পোষ্ট, ওয়াচ টাওয়ার নির্মাণ করা হবে।

**লুব বেইস অয়েল স্টোরেজ ট্যাংক নির্মাণ:**

এ কোম্পানীর চট্টগ্রামস্থ মেইন ইনস্টলেশনের ট্যাংকে ফার্মে অবস্থিত ৪ নং স্টিল স্টোরেজ ট্যাংক (নম্বর এস এ-০৪) বিগত ১৯৬৫ সালে তৈরি করা হয়েছিল। দীর্ঘদিন ব্যবহারের ফলে ট্যাংকটি ব্যবহারে অনুপোযোগি হয়ে পড়েছিল পুরাতন ট্যাংক টি ইতোমধ্যে ভেঙ্গে ফেলা হয়েছে। তৎস্থলে নতুন স্টীল স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ শেষ হবে। এতে করে বেইজ অয়েল মজুদ ক্ষমতা প্রায় ১২০০ মেঃ টন বৃদ্ধি পাবে।

**বয়লার এবং পাম্প হাউজ সংস্কার:**

এই কোম্পানীর বিদ্যমান পেট্রোলিয়াম প্রোডাক্ট ডেলিভারী পাম্প হাউজ ও পুরাতন রয়লার কক্ষটি সংস্কার করে মেজ নাইন ফ্লোর সহ তিন তলা বিশিষ্ট প্রি-ফেব্রিকেটেড স্টীল স্ট্রাকচার স্থাপনা নির্মাণ কাজটি চলতি অর্থ বছরে সম্পন্ন হবে। এতে করে ১২০০০ বর্গফুট আয়তনের স্থাপনাটি দিয়ে লুব অয়েল ও জ্বলানি পণ্য সমূহের ডেলিভারী কার্যক্রম, প্রস্তুতকৃত পেট্রোলিয়াম পণ্য মজুদ ও বিপনণ কার্যক্রম, বয়লার পরিচালন কার্যক্রম সাবলীলভাবে পরিচালনা করা সম্ভব হবে।

❖ কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতের উন্নয়নে জ্বালানী তেলের নিরবিচ্ছন্ন সরবরাহ নিশ্চিতকরন।

# সেকশন- ১

## এসএওসিএল'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলিঃ

১.১ **রূপকল্প (Vision):** দেশে জ্বালানি তেলের যোগান ও নিরাপত্তা নিশ্চিতকরণ।

১.২ **অভিলক্ষ (Mission):** পেট্রোলিয়াম পণ্য ও লুব্রিকেটিং অয়েলের বিভিন্ন উৎস অনুসন্ধান, আমদানি বা আহরণ, উন্নয়ন, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জনগণের জন্য জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমুহ (Strategic Objectives):**

**১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল আমদানি এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি।
২. লুব্রিকেটিং বেইস অয়েল প্রক্রিয়াজাত করণ এবং বিভিন্ন গ্রেডের ও মানের লুব্রিকেটিং পণ্যসামগ্রী উৎপাদন।
৩. পেট্রোলিয়ামজাত পণ্য মজুতকরণ এবং বিপণন।
৪. জন শক্তির উন্নয়ন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪. **প্রধান কার্যাবলি (Functions):**

১. ১৯১৩ সালের কোম্পানী আইন এর ৭ অনুযায়ী লিমিটেড কোম্পানি এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি;
২. লুব বেইস অয়েল এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি।
৩. লুব বেইস অয়েল ব্লেন্ডিং এবং বিভিন্ন গ্রেডের ও মানের লুব্রিকেটিং পন্য সামগ্রী উৎপাদন।
৪. বেইস অয়েল ষ্টক বা কাঁচামাল, অবশ্যকীয় এ্যাডিটিভস, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল, প্যাক্ট বিটুমিন সহ লুব্রিকেটিং পণ্যাদি আমদানি, উৎপাদন ও বিপনণ।
৫. মিশ্রণসূত্রে লুব্রিকেন্টস পণ্যাদি উৎপাদন।
৬. পেট্রোলিয়াম (পরিশোধিত) গুদামজাতকরণের অবকাঠামো বা ফেসিলিটিজ প্রতিষ্ঠার পরিকল্পনা প্রণয়ন ও স্থাপন।
৭. Aviation Fuel (II JET-A1) মজুতকরণ এবং বিপণন।
৮. বিপণন কোম্পানিসমূহের মধ্যে পেট্রোলিয়াম পণ্যসামগ্রীর বরাদ্দ নির্ধারণ।
৯. আন্তদেশীয় অয়েল ট্যাংকার সংগ্রহ।
১০. পেট্রোলিয়াম বিপণনের ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ।
১১. বিপণন কোম্পানী হিসাবে দায়িত্ব পালন বা যে কোন ফার্মে বা কোম্পানির সঙ্গে ক্রয় বিক্রয় চুক্তি বা অন্য যে কোন প্রকারের চুক্তি বা কন্ট্রাক্ট সম্পাদন।
১২. বিভিন্ন সময়ে সরকার কর্তৃক নির্দেশিত বা অর্পিত অন্য কোন দায়িত্ব পালন এবং
১৩. অধ্যাদেশের লক্ষ্য সমূহ প্রতিপালনের জন্য আবশ্যকীয় অনুরূপ অন্যান্য বিষয়াদি সম্পাদন।

## সেকশন- ২

### এসএওসিএল'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome / Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সমূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২০২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যের নিরবিচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু পিওএল-এর ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ০.৯৯৯ | ০.১৬৭ | ০.১৭৮ | ০.১৮৯ | ০.১৯৯ | অর্থ বিভাগ | **এসএওসিএল**'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | বিপিসি'র সেচ পুস্তিকা |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো ওয়েবসাইট |
| | | | | | | | | বাংলাদেশ ব্যাংক | |
| | | | | | | | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |

* সাময়িক

## সেকশন- ৩

## এসএওসিএল'র কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

**(মোট মান-৭৫)**

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance (Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | (লক্ষ মে.টন) | (লক্ষ মে.টন) |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **এসএওসিএল'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১) লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল আমদানি এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি | ৩০ | ১.১) প্রস্তুতকৃত লুব্রিকেটিং পণ্য ও প্যাক্ট বিটুমিন আমদানি | ১.১.১) প্রস্তুতকৃত পণ্য আমদানি | লক্ষ মে.টন | ৫ | ০.০৩০ | ০.০২ | ০.০২২ | ০.০২০ | ০.০১৮ | ০.০১৫ | ০.০১৩ | ০.০২৪ | ০.০২৬ |
| | | ১.২) লুব্রিকেটিং বেইস অয়েল আমদানি | ১.২.১) লুব্রিকেটিং বেইস অয়েল আমদানি | লক্ষ মে.টন | ১৫ | ০.০৬৩ | ০.০৮৭ | ০.০৯১ | ০.০৮৩ | ০.০৭৭ | ০.০৬৭ | ০.০৫৮ | ০.১০৪ | ০.১১৫ |
| | | ১.৩) বিপিসি হতে পরিশোধিত পেট্রোলিয়াম জাত পণ্য ক্রয় | ১.৩.১) বিপিসি কর্তৃক আমদানিকৃত পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ৭ | ১.২২২ | ০.৪৭৬ | ০.৫২৪ | ০.৪৭২ | ০.৪১৯ | ০.৩৬৭ | ০.৩১৪ | ০.৫৭১ | ০.৬২৮ |
| | | | ১.৩.২) ইআরএল ও লোকাল উৎস এ উৎপাদিত পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ২ | ০.২০৪ | ০.১১৫ | ০.১২৭ | ০.১১৪ | ০.১০২ | ০.০৮৯ | ০.০৭৬ | ০.১৩৮ | ০.১৫২ |
| ২) লুব্রিকেটিং বেইস অয়েল প্রক্রিয়াজাত করণ এবং বিভিন্ন মানের লুব্রিকেটিং পণ্য সামগ্রী উৎপাদন | ১০ | ২.১) লুব্রিকেটিং বেইস অয়েল ব্লেন্ডিং | ২.১.১) লুব্রিকেটিং বেইস অয়েল ব্লেন্ডিং | লক্ষ মে.টন | ১০ | ০.০৬৪ | ০.০৫২ | ০.০৫৭ | ০.০৫১ | ০.০৪৬ | ০.০৪০ | ০.০৩৪ | ০.০৬২ | ০.০৬৯ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance (Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/ ২০২০-২১ (Target/Criteria value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ (লক্ষ মে.টন) | প্রক্ষেপন ২০২২-২৩ (লক্ষ মে.টন) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **এসএওসিএল'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ৩) পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ এবং বিপণন | ৩০ | ৩.১) ট্রেড ওয়ারী পেট্রোলিয়াম পণ্য বিপণন (জেট এ-১ ব্যাতীত) | ৩.২.১) খুচরা কাস্টমার | লক্ষ মে.টন | ৪ | ০.৪১০ | ০.০৩৯ | ০.০৪৩ | ০.০৩৯ | ০.০৩৪ | ০.০৩০ | ০.০২৬ | ০.০৪৭ | ০.০৫১ |
| | | | ৩.২.২) সরাসরি কাস্টমার | লক্ষ মে.টন | ৪ | ১.২৬৯ | ০.২৩৩ | ০.২৫৬ | ০.২৩০ | ০.২০৫ | ০.১৭৯ | ০.১৫৩ | ০.২৮০ | ০.৩০৭ |
| | | ৩.২) ক্যাটাগরী ভিত্তিক পেট্রোলিয়াম পণ্য বিপণণ (জেট এ-১ সহকারে) | ৩.৩.১) জ্বালানী তেল | লক্ষ মে. টন | ৭ | ১.৪৫১ | ০.৩৯১ | ০.৪৩১ | ০.৩৮৮ | ০.৩৪৫ | ০.৩০২ | ০.২৫৯ | ০.৪৬৯ | ০.৫১৫ |
| | | | ৩.৩.২) লুব বেইস অয়েল | লক্ষ মে.টন | ২ | ০.০২৪ | ০.০১৫ | ০.০১৭ | ০.০১৫ | ০.০১৪ | ০.০১২ | ০.০১০ | ০.০১৮ | ০.০২০ |
| | | | ৩.৩.৩) বিটুমিন | লক্ষ মে. টন | ২ | ০.১৫৯ | ০.০৮২ | ০.০৯০ | ০.০৮১ | ০.০৭২ | ০.০৬৩ | ০.০৫৪ | ০.০৯৮ | ০.১০৮ |
| | | | ৩.৩.৪) এলপিজি | লক্ষ মে.টন | ১ | ০.০৪৪ | ০.০২৬ | ০.০২৯ | ০.০২৬ | ০.০২৩ | ০.০২০ | ০.০১৭ | ০.০৩১ | ০.০৩৪ |
| | | ৩.৩) পর্যাপ্ত পরিমাণ পেট্রোলিয়াম পণ্যের স্টক মেইনটেইন | ৩.১.১) ডিজেল | লক্ষ মে. টন | ৩ | ০.৯৯০ | ০.৩১৯ | ০.৩৫১ | ০.৩১৬ | ০.২৮০ | ০.২৪৬ | ০.২১০ | ০.৩৮২ | ০.৪২১ |
| | | | ৩.১.২) ফার্নেস অয়েল | লক্ষ মে.টন | ১.৫ | ০.৪৫৫ | ০.২৭২ | ০.২৯৯ | ০.২৬৯ | ০.২৩৯ | ০.২০৯ | ০.১৮০ | ০.৩২৬ | ০.৩৫৯ |
| | | | ৩.১.৩) লুব বেইস অয়েল | লক্ষ মে.টন | ১.৫ | ০.০৫৫ | ০.০৯২ | ০.১০১ | ০.০৯১ | ০.০৮১ | ০.০৭১ | ০.০৬১ | ০.১১০ | ০.১২১ |
| | | | ৩.১.৪) এভিয়েশন ফুয়েল | লক্ষ মে.টন | ১ | ০.০৩০ | ০.০৩১ | ০.০৩৪ | ০.০৩১ | ০.০২৭ | ০.০২৪ | ০.০২০ | ০.০৩৭ | ০.০৪১ |
| | | | ৩.১.৫) বিটুমিন | লক্ষ মে. টন | ১ | ০.১৭৫ | ০.০৮২ | ০.০৯০ | ০.০৮১ | ০.০৭২ | ০.০৬৩ | ০.০৫৪ | ০.০৫০ | ০.০৫৫ |
| | | | ৩.১.৬) এলপিজি | লক্ষ মে.টন | ১ | ০.০৪৬ | ০.০২৬ | ০.০২৯ | ০.০২৬ | ০.০২৩ | ০.০২০ | ০.০১৭ | ০.০৩২ | ০.০৩৫ |
| | | ৩.৪) মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | ৩.৪.১) মজুদ ক্ষমতা বৃদ্ধি | লক্ষ মে.টন | ১ | ০.০৩০ | ০.০২৫ | ০.০২৮ | ০.০২৫ | ০.০২২ | ০.০১৯ | ০.০১৭ | ০.০৩০ | ০.০৩৩ |
| ৪) জন শক্তির উন্নয়ন | ০৫ | প্রশিক্ষণ কার্যক্রম | কর্মকর্তা কর্মচারী প্রশিক্ষণ | জন সংখ্যা | ৫ | ৩০৬ | ২ | ১৫৫ | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১৬৫ | ১৭৫ |

## এসএওসিএল'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

### (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ (Target Value for FY 2020-2021) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | ১.১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | ১.১.১)এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | ১.১.২) এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | ১.২) শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | ১.২.১)মতবিনিময় সভা অনুষ্ঠিত। | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৩) অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহিতা/ অংশীজনদের অবহিতকরণ। | ১.৩.১)অবহিতকরণ সভা আয়োজিত। | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৪) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ। | ১.৪.১) অবহিতকরণ সভা আয়োজিত। | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৫) তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ। | ১.৫.১) ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত। | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ (Target Value for FY 2020-2021) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ২) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | ২.১) ই-নথি বাস্তবায়ন | ২.১.১) ই- নথিতেনোট নিষ্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | ২.২) উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | ২.২.১ ) ন্যূনতম একটি উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-০২-২১ | ১৫-০৩-২১ | ১৫-০৪-২১ | ১৫-০৫-২১ | - |
| | | ২.৩) কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান। | ২.৩.১) প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত। | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | ২.৩.২) ১০ম গ্রেড তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারিকে এপিএ'র বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ। | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | ২.৪) এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান। | ২.৪.১) ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ'র বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত। | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| ৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | ৩.১) বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন। | ৩.১.১) ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত। | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.২.) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন। | ৩.২.১) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত। | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.৩) অডিটআপত্তিনিষপত্তি কার্যক্রমের উন্নয়ন। | ৩.৩.১) অডিট আপত্তি নিষ্পত্তিকৃত। | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | ৩.৪) হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উধ্বতন অফিসে প্রেরণ। | ৩.৪.১) হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত। | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-০২-২১ | - | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড এর মহাব্যবস্থাপক হিসেবে আমি, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

**মহাব্যবস্থাপক**
ষ্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড

৩০.০৭.2020
তারিখ

প্রকৌঃ মোহাম্মদ শাহেদ
মহাব্যবস্থাপক
ষ্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোং লিঃ
(বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন একটি অংগ প্রতিষ্ঠান)
গুপ্তখাল, এয়ারপোর্ট রোড,
চট্টগ্রাম-৪২০৫.

**চেয়ারম্যান**
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

মোঃ সামছুর রহমান
চেয়ারম্যান (সরকারের সচিব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

৩০.০৭.২০২০
তারিখ

# সংযোজনী- ১

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন |
| ২ | মে.টন | মেট্রিক টন |
| ৩ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৪ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ৫ | জিআরএস | গ্রিবেন্স রিড্রেস সিস্টেম |
| ৬ | পিওএল | পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস্ |
| ৭ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল |
| ৮ | কেজিওই | কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট |
| ৯ | এসএওসিএল | স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড |
| ১০ | পিওসিএল | পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড |

# সংযোজনী- ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পেট্রোলিয়াম পণ্য বিপিসি, ইআরএল ও এলপিজিএল থেকে সংগ্রহ। | পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ। | পেট্রোলিয়াম পণ্য যথা, ডিজেল, ফার্নেস অয়েল, বিটুমিন এবং এলপি গ্যাস, জেট এ-১ লোকাল উৎস তথা বিপিসি, ইআরএল, এলপিজিএল ও পিওসিএল থেকে সংগ্রহ করা হয়। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |
| ২ | লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল ও বিটুমিন আমদানি | লুব্রিকেটিং বেইস অয়েল ও বিটুমিন আমদানি। | স্থানীয় উৎপাদন দেশের চাহিদা পূরণ করতে পারে না বিধায় পরিশোধিত জ্বালানি তেল আমদানি করতে হয়। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | মজুদ ক্ষমতা বৃদ্ধি | দৈনিক চাহিদা পূরণের জন্য জ্বালানি তেলের পর্যাপ্ত পরিমান সরবরাহ অত্যান্ত জরুরী। নিরবিচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী- ৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রনালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

| সংস্থার ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা প্রত্যাশার/ যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতি | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| রেলওয়ে বিভাগ | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন | রেলযোগে পেট্রোলিয়াম পণ্য পরিবহণ | রেলহেড ডিপোতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে। |
| নৌ-পরিবহন মন্ত্রনালয় | বিআইডব্লিউটিএ ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অভ্যন্তরীণ পরিবহন ও আমদানিতব্য পণ্য গ্রহণ | নদীপথে পরিবহন এবং বন্দর ও জেটি সুবিধা | নদীপথে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে এবং পেট্রোলিয়াম পণ্য আমদানি ব্যাহত হবে। |